**AKASHVANI KOLKATA**
**Regional News Unit**

**Date: 11.06.2026** **Desk in Charge: Susmita M.**
**Time: 7.50 PM** **Edit. & Compile. : Sudip B.**
**DEO: KB** **NRT : Sudip B.**
**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ–

১/ রাজ্য সরকার, উত্তরবঙ্গের উন্নয়নের ওপর বিশেষভাবে নজর দিচ্ছে বলে অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত জানিয়েছেন। #আজ শিলিগুড়ির উত্তরকন্যায় প্রাক বাজেট এক বিশেষ পরামর্শ বৈঠকে যোগ দেন তিনি।

২/ রাজ্য সরকার, 'কৃষক বন্ধু' ও 'বাংলার শস্য বীমা' প্রকল্প দুটিকে কেন্দ্রীয় প্রকল্পের সঙ্গে মিশিয়ে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

৩/ আগামী বিশে জুন, যথাযোগ্য মর্যাদায় রাজ্য জুড়ে 'পশ্চিমবঙ্গ দিবস' পালন করা হবে।

৪/ দলের সঙ্গে তৃণমূল কংগ্রেসের মিশে যাওয়ার সম্ভাবনা সম্পূর্ণ ভিত্তিহীন বলে খারিজ করে দিয়েছে কংগ্রেস।

৫/ বিধানসভায় সই জাল কান্ডে হাইকোর্টের নির্দেশ আজ ভবানীভবনে CID-র কাছে হাজিরা দিয়েছেন, তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়।

৬/ রাজ্যের বিভিন্ন জেলায়, আজ'ও ঝড় বৃষ্টির খবর মিলেছে।

*******************************************************************

রাজ্যের বিজেপি সরকার উত্তরবঙ্গের উন্নয়নের ওপর বিশেষভাবে নজর দিচ্ছে বলে অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত জানিয়েছেন। রাজ্যে বাজেট পেশ এর আগে উত্তরবঙ্গের শিল্প, বাণিজ্য এবং অর্থনৈতিক উন্নয়নের রূপরেখা তৈরি করতে আজ শিলিগুড়ির উত্তরকন্যায় এক বিশেষ প্রাক-বাজেট পরামর্শ বৈঠকের আয়োজন করা হয়। অর্থমন্ত্রীর দায়িত্ব গ্রহণ করে এটিই ছিল শ্রী দাসগুপ্তর প্রথম প্রশাসনিক বৈঠক। এদিনের বৈঠকে অর্থমন্ত্রী ছাড়াও উপস্থিত ছিলেন উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী নিশীথ প্রামাণিক, প্রতিমন্ত্রী আনন্দময় বর্মণ এবং অর্থ দপ্তরের একাধিক শীর্ষ আধিকারিক। এছাড়াও উত্তরবঙ্গের বিভিন্ন জেলা থেকে আসা শিল্পপতি এবং ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধিরা এই বৈঠকে যোগ দেন। বৈঠক শেষে অর্থমন্ত্রী সাংবাদিকদের জানান, সাধারণ মানুষের অভাব-অভিযোগ ও মতামত জানতেই সরকারের এই উদ্যোগ। বৈঠকে উঠে আসা সমস্ত দাবি-দাওয়া এবং প্রস্তাব বর্তমান সরকার অত্যন্ত গুরুত্ব দিয়ে বিবেচনা করছে বলে তিনি সকলকে আশ্বস্ত করেন। তিনি কটাক্ষ করে বলেন, আগের সরকারের আমলে বাজেট তৈরী হতো ট্রেডমিলে।

( বাইট- অর্থমন্ত্রী স্বপন )

এদিনের আলোচনায় মূলত উত্তরবঙ্গের অর্থনীতির উন্নয়নে চা-শিল্পের বর্তমান পরিস্থিতি এবং পর্যটন শিল্পের পরিকাঠামো নিয়ে বিস্তারিত আলোচনা হয়। পাশাপাশি মালদার আমের সঠিক বিপণন ও দেশ-বিদেশে রপ্তানি এবং ক্ষুদ্র ও মাঝারি শিল্পের প্রসারের বিষয়গুলিও বিশেষ গুরুত্ব পায়। ব্যবসায়ীদের পক্ষ থেকে শিলিগুড়িতে একটি 'জিএসটি আপিল ট্রাইব্যুনাল' গঠনের দাবিও জানানো হয়েছে।

**********************************

বিভিন্ন সরকারি প্রকল্পের কাজের অগ্রগতি সহ বিভিন্ন বিষয় নিয়ে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী উত্তরবঙ্গের মালদায় আরও একটি প্রশাসনিক বৈঠকে বসতে চলেছেন। আগামীকাল দুপুরে মালদা কলেজ অডিটোরিয়ামে প্রস্তাবিত এই বৈঠক হবার কথা। মালদা ছাড়াও দুই দিনাজপুর এবং মুর্শিদাবাদের প্রশাসনের শীর্ষ

কর্তা, বিধায়ক, সাংসদদের উপস্থিত থাকার জন্য বলা হয়েছে। মুখ্যমন্ত্রীর সফরকে ঘিরে মালদায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে।

*******************************

রাজ্য সরকার, 'কৃষক বন্ধু' এবং 'বাংলা শস্য বীমা' প্রকল্প দুটিকে কেন্দ্রীয় প্রকল্পের সঙ্গে মিশিয়ে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। কৃষিমন্ত্রী দুধকুমার মন্ডল আজ বলেন, কৃষক বন্ধু প্রকল্পটি কেন্দ্রের প্রধানমন্ত্রী কৃষক সম্মাননিধি যোজনা এবং বাংলা শস্য বীমা প্রকল্প টি কেন্দ্রের প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনায় পরিবর্তন করা হবে। রাজ্যের কৃষক বন্ধু প্রকল্পে উপভোক্তার তালিকায় অনেক ভুয়ো নাম থাকার সম্ভাবনা থাকায় সেই তালিকা পুনরায় যাচাই করা হবে বলেও তিনি জানিয়েছেন। কৃষক বন্ধু প্রকল্পের তালিকায় থাকা উপভোক্তাদের কেন্দ্রীয় প্রকল্পের সুবিধা পেতে গেলে পুনরায় আবেদন করতে হবে বলে তিনি জানিয়েছেন। পাশাপাশি সারের কালোবাজারি রুখতে এবং চাষীদের কাছে সঠিক সময় বীজ পৌঁছে দিতেও নজরদারি চালানো হবে বলে কৃষিমন্ত্রী জানান।

*******************************

রাজ্য জুড়ে, আগামী বিশে জুন যথাযোগ্য মর্যাদায় 'পশ্চিমবঙ্গ দিবস' পালন করা হবে। রাজ্যের তথ্য ও সংস্কৃতি দপ্তরের পক্ষ থেকে আজ এই মর্মে একটি নির্দেশিকা জারি করা হয়েছে। নির্দেশিকায়, রাজ্যের সমস্ত জেলায় সদর দপ্তর এবং সরকারি ও বে সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে এই ঐতিহাসিক দিনটি উদ্‌যাপনের জন্য একটি বিশদ রূপরেখা তৈরী করে দেওয়া হয়েছে। রাজ্যের গৌরবময় সাংস্কৃতিক ঐতিহ্য, সুদীর্ঘ ইতিহাস এবং আইনসভায় গৃহীত প্রক্রিয়ার মাধ্যমে, পশ্চিমবঙ্গ রাজ্যের জন্মকে তুলে ধরতেই এই বিশেষ উদ্যোগ।

ভারত সরকারের সংস্কৃতি মন্ত্রকের আওতাধীন পূর্বাঞ্চল সংস্কৃতি কেন্দ্র- EZCC, বিধাননগরের ঐকতান সভাগৃহে বিশে জুন বিকেল চারটে নাগাদ একটি অনুষ্ঠানের আয়োজন করেছে।  সংস্কার ভারতী পশ্চিমবঙ্গ, এতে সহযোগিতা করছে।

*******************************

জাতীয় কংগ্রেসের সঙ্গে তৃণমূল কংগ্রেসের মিশে যাওয়ার জল্পনা, সম্পূর্ণ ভিত্তিহীন বলে খারিজ করে দিয়েছেন, কংগ্রসের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক কে সি বেনুগোপাল এবং বরিষ্ঠ নেতা জয়রাম রমেশ। আজ দিল্লির ইন্দিরা ভবনে কংগ্রেসের শীর্ষ নেতৃত্বের উপস্থিতিতে একটি গুরুত্বপূর্ণ বৈঠক হয়। জনস্বার্থ সম্পর্কিত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হলেও, তৃণমূল কংগ্রেস সংক্রান্ত কোনো বিষয়, আলোচ্য সূচীতে ছিলনা বলে, দুই নেতাই জানিয়েছেন।

*******************************

সুখেন্দুর শেখর রায় ও সুস্মিতা দেবের পর তৃণমূল কংগ্রেসের আরো এক রাজ্যসভার সাংসদ প্রকাশচিক বরাইক আজ ইস্তফা দিয়েছেন। রাজ্যসভার চেয়ারম্যান সিপি রাধাকৃষ্ণনকে চিঠি লিখে তিনি নিজের ইস্তফার কথা জানিয়ে দেন। পাশাপাশি প্রকাশচিক বরাইক তৃণমূল কংগ্রেসের প্রাথমিক সদস্যপদও ছেড়েছেন বলে দলীয় সূত্রে জানা গিয়েছে।

(বাইট – প্রকাশচিক বরাইক)

উল্লেখ্য এই নিয়ে গত চার দিনে তৃণমূল কংগ্রেসের তিন সাংসদ নিজেদের পদ থেকে ইস্তফা দিলেন। এরফলে রাজ্যসভায় তৃণমূল কংগ্রেসের সদস্য সংখ্যা ১৩ থেকে কমে হলো – ১০।

*******************************

বিধানসভায়, বিরোধী দলনেতার স্বীকৃতির বিষয়ে স্পিকারের সিদ্ধান্তে আপাতত কোনো স্থগিতাদেশ দেয়নি, কলকাতা হাইকোর্ট। তৃণমূল কংগ্রেস থেকে সাসপেন্ড হওয়া ঋতব্রত বন্দ্যোপাধ্যায়কে, বিধানসভার বিরোধী দলনেতা হিসেবে স্বীকৃতি দেবার বিরুদ্ধে শোভনদেব চট্টোপাধ্যায়ের করা মামলায়, অধ্যক্ষ আগামী ১৬'ই জুন নিজেদের বক্তব্য আদালতকে জানানোর কথা বলেন। এরপরই বিচারপতি কৃষ্ণা রাও, মামলাটিকে ওইদিনই শুনানির জন্য নির্দিষ্ট করেছেন।

*******************************

রাজ্য বিধানসভাকে আরও আধুনিক, প্রযুক্তিনির্ভর এবং জনমুখী করে তুলতে একগুচ্ছ গুরুত্বপূর্ণ উদ্যোগের ঘোষণা কছেন অধ্যক্ষ রথীন্দ্র বসু। বিধানসভায় আজ এক সাংবাদিক বৈঠকে তিনি জানান, আগামী ১০০ দিনের মধ্যে পশ্চিমবঙ্গ বিধানসভাকে সম্পূর্ণ কাগজবিহীন বা পেপারলেস প্রতিষ্ঠানে রূপান্তরিত করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।

( বাইট- অধ্যক্ষ রথীন্দ্র )

**ইতিমধ্যেই এই প্রকল্প বাস্তবায়নের জন্য কেন্দ্রীয় সরকারের প্রতিনিধিদের উপস্থিতিতে স্বাক্ষরিত হয়েছে একটি সমঝোতা স্মারক পত্র।**

*******************************

বিধানসভায় সই জালিয়াতি মামলায় তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক তথা সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায় আজ ভবানীভবনে CID-র কাছে হাজিরা দিয়েছেন। কলকাতা হাইকোর্ট আজ সন্ধ্যে ৬'টার মধ্যে অভিষেককে ভবানীভবনে যাওয়ার নির্দেশ দেয়। এরা আগে তিনবার CID তাঁকে হাজিরার জন্য ডেকে পাঠালেও, অভিষেক তা' এড়িয়ে যান। এদিন বিকেল সাড়ে চারটে নাগাদ দিল্লি থেকে কলকাতার বিমানবন্দরে পৌঁছলে, তাকে দেখে 'চোর' স্লোগান দেওয়া হয়। সুরক্ষা বলয় তৈরী করে গাড়িতে তুলে দেওয়া হয় অভিষেককে। এরপর কালীঘাট রোডে নিজের বাড়িতে যান তিনি। সেখান থেকেই ভবানীভবনে পৌঁছয় অভিষেকের গাড়ি।

উল্লেখ্য, অভিষেক বন্দ্যোপাধ্যায়-কে আগামী ২১ দিন রক্ষাকবচ দিয়েছে হাইকোর্ট। মামলার পরবর্তী শুনানি দু'সপ্তাহ পর।

এদিকে, তৃণমূল কংগ্রেসের আইনজীবি সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায় এবং তাঁর ছেলে শীর্ষান্ন, অভিষেকের মামলাগুলি থেকে সরে দাঁড়িয়েছেন। এদিন আদালতে অভিষেকের হয়ে সওয়াল করেন অন্য আইনজীবি।

( বাইট- কল্যাণ )

*******************************

ডায়মন্ড হারবারের সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ‘সেবাশ্রয়’ প্রকল্পের নামে কোটি কোটি টাকার ওষুধ কিনে প্রতারণার অভিযোগ উঠেছে ।

আজ দক্ষিণ ২৪ পরগণার ডায়মন্ড হারবারের সরিষা এলাকায় একটি জমি খুঁড়ে প্রচুর পরিমাণ ওষুধ উদ্ধার হওয়ায় চাঞ্চল্য ছড়িয়েছে। আর্থ মুভার দিয়ে মাটি খুঁড়তেই, বিভিন্ন রকমের ওষুধ উঠে আসে।

*********************************

বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বৃদ্ধির প্রেক্ষিতে, দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আজ বিক্ষিপ্তভাবে হাল্কা থেকে মাঝারি বৃষ্টির খবর মিলেছে। বৃষ্টি হচ্ছে, উত্তরবঙ্গে’ও।

আগামীকাল উত্তরের জলপাইগুড়ি, আলিপুরদুয়ার ও কোচবিহার জেলায় ভারী বৃষ্টি হলুদ সতর্কতা রয়েছে।

অন্যদিকে, হাল্কা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে, দুই মেদিনীপুর, ঝাড়গ্রাম, পুরুলিয়া, বাঁকুড়া ও পশ্চিম বর্ধমান জেলায়।

***********************************************************************